

২০২২

বাংলা — সাধারণ

তৃতীয় সেমিস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। নিম্নের গল্পসূত্র থেকে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি কাহিনি নির্মাণ করো।

১০

রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত মৌলিক নাট্যকার অম্বরীশ চৌধুরী। পাড়ার নিবারণ আর তার স্ত্রী এবারে তাঁর নাটকের নায়ক-নায়িকা। কারণ এই দুটি মানুষ স্থির করেছে সপ্তাহের দুটি দিন পাড়ার প্রত্যেকের বাড়িতে যাবেন এবং নিঃস্বার্থভাবে বাড়ির আগাছা, বুক র্যাকের উইপোকা পরিষ্কার করবেন। সকলেই সাধুবাদ জানায়। কিন্তু দুঃখের শেষ নেই নাট্যকার অম্বরীশের বাড়ির চাতালে বাস করা কুচকুচে এক কালো কাকের। কারণ খিদের জ্বালায় খাবার খুঁজতে গিয়ে সে পরোপকারী নিবারণের হাতের ঘড়িটি ভুল করে তুলে নিয়ে এসেছে, নিদারুণ দুঃখে সে যায় অম্বরীশের কাছে নিবারণের হাতের ঘড়িটি ফেরৎ দিতে। অম্বরীশবাবু ভীষণ চিৎকার করে গালমন্দ করে কাকটিকে জানায়— “আহম্মক, এ ঘড়ি তুই পেলি কোথায়, এ ঘড়ি তো আমার।

অথবা,

নিম্নলিখিত অংশটি অবলম্বনে একটি চিত্রনাট্য নির্মাণ করো।

১০

সম্ভাবিত শ্বশুরবাড়িতে পদার্পণ করিবামাত্র মহাসমারোহ-সমাদরের ঘটা পড়িয়া গেল। অবশেষে যথাকালে কম্পিতহৃদয়ে মেয়েটিকে ঝাড়িয়া মুছিয়া, রঙ করিয়া, খোঁপায় রাংতা জড়াইয়া একখানি পাতলা রঙীন কাপড়ে মুড়িয়া বরের সম্মুখে আনিয়া উপস্থিত করা হইল। বরকর্তা কিয়ৎকাল গোঁফে তা দিয়া অবশেষে গম্ভীরভাবে জিজ্ঞাসা করিল “তুমি কি পড়?” বসনভূষণাচ্ছন্ন লজ্জাস্তূপের নিকট হইতে তাহার কোন উত্তর পাওয়া গেল না। দুই তিনবার প্রশ্ন এবং শ্রোতা দাসীর নিকট হইতে পৃষ্ঠদেশে বিস্তর উৎসাহজনক করতাড়নের পর বালিকা মৃদুস্বরে এক নিশ্বাসে অত্যন্ত দ্রুত বলিয়া গেল, চারুপাঠ দ্বিতীয় ভাগ, ব্যাকরণসার প্রথমভাগ, ভূগোল বিবরণ, পাটিগণিত, ভারতবর্ষের ইতিহাস। এমন সময়ে বহির্দেশে একটা অশান্ত গতির ধূপধাপ শব্দ শোনা গেল এবং মুহূর্তের মধ্যে দৌড়িয়া হাঁপাইয়া পিঠের চুল দোলাইয়া মৃন্ময়ী ঘরে আসিয়া প্রবেশ করিল।

২। (ক) কবিতা আবৃত্তির ক্ষেত্রে কণ্ঠস্বরের ভূমিকা কী আলোচনা করো। আবৃত্তি শিল্পে আলো ও আবহ সঙ্গীতের ভূমিকা কতটা অপরিহার্য তা আলোচনা করে বুঝিয়ে দাও। বাংলা আবৃত্তি জগতের দুজন বিখ্যাত আবৃত্তি শিল্পীর নাম লেখো। ৪+৪+২

অথবা,

(খ) কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

১০

Please Turn Over

৩। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের পারস্পরিক সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

১০

অথবা,

(খ) 'পথের পাঁচালী' সিনেমাটির চলচ্চিত্রায়ণ সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যগুলি বিশদে আলোচনা করো।

১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৫×৬

(ক) দলবৃত্ত বা স্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) নাট্যরূপ ও চিত্রনাট্যের পার্থক্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(গ) আবৃত্তির পাঁচটি উপাদানের নাম লেখো।

(ঘ) 'ক্ষুধিত পাষণ' চলচ্চিত্রে নর্তকীর ভূমিকা সম্পর্কে লেখো।

(ঙ) ঢাকা লেখে : যতি, পর্ব

(চ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমার মধ্যে এক অ্যাডভেঞ্চারের প্রকাশ দেখা যায় যা কিশোর কাঞ্চনকে অনেক অভিজ্ঞতার ও শিক্ষালাভের সম্মুখীন করে দেয়। সংক্ষেপে সেই অ্যাডভেঞ্চারের পরিচয় দাও।

(ছ) একটি গল্পের প্রয়োজনীয় বৈশিষ্ট্যগুলি লেখো।

(জ) বাংলা সিনেমায় হীরালাল সেনের গুরুত্ব আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো।

১×২০

(ক) "হরিদাসের বুলবুলভাজা টটকা তাজা খেতে মজা" — গানটি কোন্ সিনেমায় শোনা যায়?

(খ) রবীন্দ্রনাথ-এর একটি উপন্যাসের নাম বলো যেটি নিয়ে চলচ্চিত্র নির্মিত হয়েছে।

(গ) শরৎচন্দ্রের 'দেনাপাওনা' উপন্যাসের নাট্যরূপের নাম কী ছিল?

(ঘ) 'মধুবংশীর গলি' কবিতাটি আবৃত্তি করে কে বিখ্যাত হয়েছিলেন?

(ঙ) অক্ষরবৃত্ত ছন্দের আর এক নাম কী?

(চ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমার চিত্রনাট্য কে লিখেছিলেন?

(ছ) 'ক্ষুধিত পাষণ' চলচ্চিত্রে আবহ সুর কে দিয়েছিলেন?

(জ) 'পথের পাঁচালী' চলচ্চিত্রে ইন্দিরা ঠাকুরগের ভূমিকায় কে অভিনয় করেছিলেন?

(ঝ) 'রবীন্দ্রনাথ' — এই শব্দের দলগুলি চিহ্নিত করো।

(ঞ) মুক্তক ছন্দ কে সৃষ্টি করেন?

(ট) সিনেমার পরিভাষায় 'কনটেন্ট' শব্দের অর্থ কী?

(ঠ) ১৯৩৮ সালে নরেশ মিত্র পরিচালিত একটি সিনেমায় রবীন্দ্রনাথ অভিনয় করেছিলেন, সেই সিনেমার নাম কী?

- (ড) অতিপর্ব কী?
- (ঢ) 'পথের পাঁচালী' সিনেমায় সংগীত পরিচালনা কে করেছিলেন?
- (ণ) 'ক্ষুধিত পাষণ' সিনেমাটি কবে মুক্তি পেয়েছিল?
- (ত) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমাটি কবে মুক্তি পেয়েছিল?
- (থ) শিস্ ধ্বনির উদাহরণ দাও।
- (দ) 'বিষয় চলচ্চিত্র' গ্রন্থটির লেখকের নাম কী?
- (ধ) 'ঘরে বাইরে' উপন্যাসের চিত্রনাট্য কে লিখেছিলেন?
- (ন) 'পথের পাঁচালী' উপন্যাসটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?
-